



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019  
2nd Term: Answer Work Sheet - 20



**Class: 3**

**Subject: Bengali Text (আবদুল মাঝি)**

**Date: 25/11/20**

১। “তার পরেরকার কথা আর জিজ্ঞেস করো না বাবা জবাব মিলবে না” –  
কথাগুলি কে কাকে বলেছিল ? কখন বলেছিল ? এই কথাগুলোর আসল মজা  
কোথায় ?

উঃ কথাগুলি আবদুল মাঝি লেখককে বলেছিল। একদিন আবদুল মাঝি লেখকের  
দাদাকে ইলিশ মাছ আর কচ্ছপের ডিম দিতে এসেছিল। সেইদিন একটা গল্প বলার  
পর এই কথাগুলি বলেছিল। এই কথাগুলি আবদুল মাঝি বানিয়ে বানিয়ে বলেছিল  
যাতে লেখক খুশি হয়। ছোটোরা গল্প শুনতে ও কল্পনা করতে ভালবাসে। তাই  
আবদুল মাঝি বানিয়ে বানিয়ে গল্প বলে লেখকের মনে এক মজার কল্পনার জগৎ  
সৃষ্টি করত।

২। কাঁচি বেদেনি কে ? কুমিরটা কোথায় ছিল ? কাঁচি বেদেনি কী করেছিল ?

উঃ আবদুল মাঝি কুমিরের গল্প বলার সময় একজন বেদেনির কথা বলেছিল যার  
ছাগল ছানা একটা কুমির ধরে জলে টেনে নিয়ে গিয়েছিল। কুমিরটা নদীতে ছিল।  
একদিন কাঁচি বেদেনি ডাঙায় বসে দাঁ দিয়ে বাখারি চাঁচছিল আর পাশে তার ছাগল  
ছানাটি বেঁধে রেখেছিল। কোন এক সময় কুমির জল থেকে উঠে তার ছাগল ছানার  
পা ধরে জলে টেনে নিয়ে গিয়েছিল। তা দেখে কাঁচি বেদেনি এক লাফে কুমিরের  
পিঠে উঠে দাঁ দিয়ে তার গলায় পোঁচের ওপর পোঁচ দিয়েছিল তখন ছাগল ছানাকে  
ছেড়ে কুমিরটা জলে ডুবে গিয়েছিল।

৩। “দাঁ দিয়ে এই দানো গিরগিটির গলায় পোঁচের ওপর পোঁচ লাগাল” কথাগুলো কোন গল্পে আছে ? গল্পের লেখকের নাম কী ? দানো গিরগিটি আসলে কী ? কে তার গলায় পোঁচের ওপর পোঁচ লাগাল ? শেষ পর্যন্ত কী হলো ?

উঃ কথাগুলো আবদুল মাঝির গল্পে আছে। গল্পের লেখকের নাম রবীন্দ্রনাথ ঠাকুর। এখানে কুমিরকে দানো গিরগিটি বলা হয়েছে। কাঁচি বেদেনি তার গলায় পোঁচের ওপর পোঁচ লাগিয়েছিল। শেষ পর্যন্ত কুমিরটা কাঁচি বেদেনির ছাগল ছানাকে ছেড়ে জলে ডুবে গিয়েছিল।

৪। আবদুল কিভাবে নেকড়ে বাঘকে জব্দ করে ছিল ?

উঃ একদিন কালবৈশাখীর ঝড়ের সময় আবদুলের নৌকা ডুবে যায় দেখে সে সাঁতারে একটা চরে গিয়ে ওঠে। সেখানে সে একটা নেকড়ে বাঘকে দেখতে পায় সেও সাঁতার কেটে চরে এসে উঠেছিল। সাঁতার কেটে তার খুব খিদে হয়েছিল তাই আবদুলকে দেখে তাকে খাবার জন্য লাফ মারতেই আবদুল রশির ফাঁস বাঘটার গলায় আটকে দিয়েছিল তারপর তাকে দিয়ে গুন টানিয়ে দশ-পনের ঘন্টার রাস্তা দেড় ঘন্টায় পার করে বীরগঞ্জ পৌঁছে গিয়েছিল। বাঘটা যেতে না চাইলে তার পেটে খোঁচা মেরে তাকে দিয়ে গুন টানিয়েছিল। এইভাবে আবদুল বাঘটাকে জব্দ করেছিল।

Manashi Chaudhuri